

মাছ

অকালবর্ষায় ডুবে আছে  
ধানক্ষেতে রাশি - রাশি চারা ---  
এই শেষ ? নাকি এই দৃশ্য অন্য কোনো আরঞ্জের  
সিঞ্চিত ইশারা ?

বাতাসে ঝড়ের চিহ্ন; ভিজে সবুজের মাঠ থেকে  
দু-তিনটি বাছুর  
গলায় সঙ্কেহ ঘন্টা বাজাতে - বাজাতে  
ছুটে গেল গোয়ালের দিকে।

গুলঞ্চলতার ঝুরি টেনে ছিঁড়ে তুমি  
সু সুতো আজ আনতে পারো --- যদি পারো;  
কিন্তু সেই সুতো দিয়ে আকন্দফুলের মালা গাঁথা  
আজ অসম্ভব।

মানুষের ভালোবাসা এখনও সযত্নে বেধে রাখে  
বীজধান --- যতদূর পারে;  
খড় কুচি কুচি করে, চিরবর্তমান শব্দ শুনে  
আমি খুশি থাকি।

নৌকোর গলুই থেকে  
কয়েকজন জেলে  
সমীচীন খালে জাল ফেলে  
তুলে আনে কিছু অর্থময় মাছ -- অবিস্মরণীয়।

অর বিন্দু গুহ

